# নির্বাচনে ভারতের হস্তক্ষেপের অভিযোগ তুললেন নাহিদ




নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে বিদেশি হস্তক্ষেপের অভিযোগ তুলেছেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। তার দাবি, নির্বাচনকে প্রভাবিত করতে ভারতসহ বাইরের শক্তি তৎপর এবং তারা প্রকাশ্যে বিএনপির পক্ষে অবস্থান নিচ্ছে।

বুধবার (৪ ফেব্রুয়ারি) রাজধানীর রামপুরায় প্রচারণায় গিয়ে ঢাকা-১১ আসনের প্রার্থী নাহিদ ইসলাম এ কথা বলেন। তিনি আরও অভিযোগ করেন, তার প্রতিদ্বন্দ্বী বিএনপির প্রার্থী এম এ কাইয়ুম অর্থের প্রভাব খাটিয়ে নিজের দ্বৈত নাগরিকত্বের বিষয়টি আড়াল করার চেষ্টা করছেন। ঋণখেলাপি ও দ্বৈত নাগরিকদের প্রার্থিতা নির্বাচনের পরিবেশকে প্রশ্নবিদ্ধ করেছে বলেও মন্তব্য করেন তিনি।

অন্যদিকে, ঢাকা-১৪ আসনে ১১ দলীয় জোটের দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী ব্যারিস্টার আরমান মিরপুরে গণসংযোগ চালান। সেখানে তিনি বলেন, দুর্নীতি, শোষণ ও চাঁদাবাজিতে মানুষ অতিষ্ঠ। ক্ষমতায় গেলে নিরাপত্তা ও স্বস্তির সমাজ গড়ার প্রতিশ্রুতি দেন তিনি।

LENS ASIA